

REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date:25-04-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

CEO TRIPURA EAST P.C ELECTION :

লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্বের নির্বাচনের জন্য সব প্রচার গতকাল শেষ হয়েছে। এই পর্বে দেশের ৮৮টি আসনে ভোট হবে। দ্বিতীয় পর্বে আগামীকাল পূর্ব ত্রিপুরা উপজাতি সংরক্ষিত লোকসভা আসনের নির্বাচনে ভোট নেওয়া হবে।

পূর্ব ত্রিপুরা লোকসভা নির্বাচনে নির্ভয়ে ভোটদানের আহ্বান জানিয়েছেন রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক পুনিত আগরওয়াল। গতকাল নির্বাচন দপ্তরে এক সাংবাদিক সম্মেলনে মুখ্যনির্বাচন আধিকারিক জানান, অবাধ শান্তিপূর্ণ ভোটের জন্য সব রকম ব্যবস্থা নেওয়া হয়েছে। তিনি জানান, সব বুথে কেন্দ্রীয় বাহিনী জোয়ানের পাহারা থাকবে। পূর্ব আসনে ১৩ লক্ষ ৯৬ হাজার ৭৬১ জন ভোটারের মধ্যে ব্রহ্ম শরণার্থী ভোটার রয়েছেন ১৬ হাজার ২৬০ জন। ১৭টি বুথে তারা ভোট দেবেন। ৬১টি বুথ মডেল বুথ হিসাবে গড়ে তোলা হয়েছে। বুথগুলোতে ভোটারদের জন্য পানীয় জল, বসার ব্যবস্থা ও ছাউনি রয়েছে। বুথ কেন্দ্রের চারপাশে ১৪৪ ধারা বলবত করা হয়েছে।

Flag march:

ত্রিপুরা পুলিশ, টিএসআর এবং কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা গতকাল সন্ধ্যায় ধর্মনগর শহরে ফ্ল্যাগ মার্চ করে। এই ফ্ল্যাগ মার্চের নেতৃত্বে ছিলেন ত্রিপুরা পুলিশের নর্দান রেঞ্জের ডিআইজি ইন্সার মনচাক, উত্তর জেলার জেলা শাসক দেবপ্রিয় বর্ধন, জেলা পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী। শহরের মানুষ যাতে নির্ভয়ে ভোট দিতে পারেন সেজন্যই এই ফ্ল্যাগ মার্চ বলে জানিয়েছেন জেলা পুলিশ সুপার।

লোকসভা নির্বাচন ২০২৪: ২-ত্রিপুরা পূর্ব(এসটি) সংসদীয় ক্ষেত্র:

গতকাল লংতরাই ও গন্ডাতুইসা মহকুমায় পর্যালোচনা সভায় বক্তব্য রাখতে গিয়ে মুখ্য নির্বাচন আধিকারিক পুনীত আগরওয়াল নির্বাচন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও সততা বজায় রাখার উপর গুরুত্ব আরোপ করেন। অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচনের জন্য সুক্ষ পরিকল্পনার প্রয়োজনীয়তার কথাও তিনি বলেন। নির্বাচন প্রক্রিয়ায় আইন শৃঙ্খলা বজায় রাখতে এবং আইন শৃঙ্খলা সম্পর্কিত যে কোনো সমস্যা মোকাবিলায় আইন প্রণয়নকারী এজেন্সি ও নির্বাচনকর্মীদের মধ্যে সহযোগিতা ও সমন্বয়ের উপর গুরুত্ব দেন। তারা নির্বাচন সংক্রান্ত যে কোনোও সমস্যার মোকাবিলায় ইতিবাচক হয়ে কাজ করতে এবং সতর্ক থাকতে পরামর্শ দেন।

PRESS Brifing of DM & SP South :

পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের অধীন দক্ষিণ জেলার জোলাইবাড়ি, ঋষ্যমুখ, মনু ও সাব্বরুম বিধানসভা নির্বাচনী ক্ষেত্রে শান্তিপূর্ণ নির্বাচন করতে নির্বাচন দপ্তর সব ধরনের প্রস্তুতি গ্রহণ

করেছে। দক্ষিণ জেলার জেলা নির্বাচনী আধিকারিক তথা জেলা শাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল গতকাল বিলোনিয়া সার্কিট হাউসে এক সাংবাদিক সম্মেলনে এখবর জানান।

PM:

দুর্যোগ প্রতিরোধী পরিকাঠামোর উপর দুদিনব্যাপী ষষ্ঠতম আন্তর্জাতিক সম্মেলন গতকাল নতুন দিল্লিতে শুরু হয়েছে। একটি ভিডিও বার্তার মাধ্যমে এই সম্মেলনে ভাষণ দেওয়ার সময়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে আগামী দিনের জন্য স্থিতিস্থাপক পরিকাঠামোতে বিনিয়োগ করা গুরুত্বপূর্ণ। বিশ্বে দুর্যোগের সীমাহীন প্রভাব মোকাবেলার জন্য প্রধানমন্ত্রী শ্রী মোদি বিভিন্ন দেশের মধ্যে সম্মিলিত স্থিতিস্থাপকতার প্রয়োজনীয়তার আহ্বান জানান।

World Malaria Day:

আজ বিশ্ব মেলেরিয়া দিবস। মেলেরিয়া রোগ সশব্দে সচেতনতা তৈরী তেই এই দিবস উদযাপন। ত্রিপুরা সহ ভারতের উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলি প্রধানত ম্যালেরিয়া প্রধান এলাকা বলে চিহ্নিত। ম্যালেরিয়া রোগ নিয়ন্ত্রণে কেন্দ্রীয় সরকারও রাজ্য সরকার নিরবচ্ছিন্ন ভাবে প্রয়াস চালিয়ে যাচ্ছে। এ বছরে ম্যালেরিয়া দিবসের থিম হলো আরও উন্নত ন্যায্যসঙ্গত বিশ্বের জন্য ম্যালেরিয়ার বিরুদ্ধে জোরদার লড়াই।

TBSE :

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০২৪ সালের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের কাজ গতকাল থেকে শুরু হয়েছে। এ ব্যাপারে পর্ষদ সভাপতি ডঃ ধনঞ্জয় গণ চৌধুরী জানান এবার ৪টি কেন্দ্রে মাধ্যমিক ও ২টি কেন্দ্রে উচ্চ মাধ্যমিকের খাতা দেখার কাজ হচ্ছে। তিনি জানান, মাধ্যমিক পরীক্ষায় মোট ১ হাজার ৩০৩ জন শিক্ষক শিক্ষিকা উত্তরপত্র মূল্যায়নের সাথে যুক্ত থাকবেন। অপরদিকে উচ্চমাধ্যমিক পরীক্ষায় মোট ৭১০ জন শিক্ষক শিক্ষিকা উত্তরপত্র মূল্যায়নের সাথে যুক্ত থাকবেন।

Senior Cricket- South :

শান্তিরবাজার ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত মহকুমা সিনিয়র ক্রিকেট টুর্নামেন্ট চ্যালেঞ্জার ট্রফির পঞ্চম ম্যাচে গতকাল জোলাইবাড়ি দ্বাদশশ্রেণী বিদ্যালয়ে ৮ উইকেটে হারায় বাইখোড়া ইংলিশ মিডিয়াম দ্বাদশ স্কুল। প্রথমে ব্যাট করতে নেমে জোলাইবাড়ি দ্বাদশ স্কুল ২৩ ওভার তিন বলে ১৬৬ রানে অলআউট হয়ে যায়। জবাবে বিজয়ী দল ২ উইকেট হারিয়ে ১৬ ওভারে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। বিজয়ী দলের নীহার রিয়াং অপরাজিত ৮১ রান করেন।

Weather :

আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ আটত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন সাতাশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। রাজ্যে উষ্ণতাপ এবং বাতাসে আর্দ্রতার পরিমাণ বৃদ্ধি অব্যাহত রয়েছে বলে ও সতর্কতা জারি করা হয়েছে।
